১৮/৮/২০০৭

প্রথম আলো

তারিখ ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪

# বাকবিশিস ১০০ ভাগ বেতন-ভাতা প্রদানসহ ১২ দফা দাবি জানিয়েছে

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের জাতীয় স্কেলের ১০০ ভাগ বেতন-ভাতা প্রদান, নতুন জাতীয় স্কেল অনুসারে শিক্ষক-কর্মচারীদের বেতন বৃদ্ধি ও চিকিৎসা ভাতা প্রদান, বছরে দুটি উৎসব ভাতা, গ্রাচুইটি ও পেনশন প্রদানসহ ১২ দফা দাবি উত্থাপন করেছে।

গত বৃহস্পতিবার ঢাকায় আয়োজিত এক সংবাদ সম্মেলনে সমিতির নেতৃবৃন্দ রাজনৈতিক দলগুলোর নির্বাচনী ইশতেহারে এসব দাবি অন্তর্ভুক্ত করার আহ্বান জানান।

সংবাদ সম্মেলনে সমিতির নেতৃবৃন্দ তত্ত্বাবধায়ক সরকারকে তাদের সব কর্মকাণ্ডে সর্বাত্মক সহায়তা করার জন্য সবার প্রতি আহ্বান জানান। তারা আগামী নির্বাচনে শিক্ষকদের ভূমিকা কী হবে তা নিয়েও আলোচনা করেন।

সমিতির সভাপতি ড. ম আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যাপক এম এ বারী সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন।

একই দিনে সমিতির সাত সদস্যের একটি প্রতিনিধিদল শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. শরিফুল্লার সঙ্গে তার কার্যালয়ে দেখা করেন। তারা শিক্ষক-কর্মচারীদের গত জুন-জুলাই মাসের প্রাপ্য বেতনের সরকারি অংশ এখনো না পাওয়ায় উদ্বেগ প্রকাশ করেন। বিজ্ঞপ্তি।

আ.লীগের দুই গ্রুপে ধাওয়াধাওয়ি